

**প্রশ্ন ১** নুর একজন কৃষক। তার কাছে বিনিয়োগের জন্য ১,০০,০০০ টাকা আছে। তার ভাই তাকে মাছ চাষ করার পরামর্শ দেন। যেখান থেকে আগামী ৫ বছর যথাক্রমে ২৫,০০০, ২৮,০০০, ২২,০০০, ২৫,০০০, ৫০,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে তার বন্ধু পোল্ট্রি ফার্ম দিতে বলে, যেখান থেকে আগামী ৫ বছর প্রতি বছর শেষে ৩০,০০০ টাকা করে পাওয়া যাবে। উভয় ক্ষেত্রে প্রত্যাশিত আয়ের হার ১০%।

- /ঢা. বো. ১৭/
- ক. সাধারণ বার্ষিক বৃদ্ধি কী? ১  
খ. বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্যের মধ্যে পার্থক্য দেখাও। ২  
গ. নুরের ভাইয়ের পরামর্শ অনুযায়ী নুরের নগদ আন্তঃপ্রবাহের বর্তমান মূল্য কত হবে? ৩  
ঘ. নুরের পোল্ট্রি ফার্ম -এ বিনিয়োগ করা কি যৌক্তিক হবে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**প্রশ্ন ২** মি. রহিম একজন ব্যাংকার। তিনি সম্প্রতি ঢাকার গুলশানে একটি এপার্টমেন্ট ক্রয়ের কথা চিন্তা করছেন। এপার্টমেন্টটি ক্রয় করতে তার ৮০,০০,০০০ টাকার প্রয়োজন। মি. রহিম এপার্টমেন্ট ক্রয়ের জন্য দুটি বিকল্পের কথা বিবেচনা করছেন। প্রথমত ৮০,০০,০০০ টাকা নগদে পরিশোধ করে দেয়া। দ্বিতীয়ত এপার্টমেন্ট মূল্যের ৫০% নগদে এবং বাকি ৪,৫০,০০০ টাকা সমান কিস্তিতে ১০ বছরের মধ্যে পরিশোধ করে দেয়া। মি. রহিমের সুযোগ ব্যয় হচ্ছে ১২% এবং তিনি ১ম বিকল্পটি গ্রহণ করেন।

- /ঢা. বো. ১৭/
- ক. বাটাকরণ কী? ১  
খ. কার্যকরী সুদের হার বলতে কী বোঝায়? ২  
গ. উদ্দীপকে মি. রহিম যে বার্ষিক কিস্তি প্রদান করবে তার বর্তমান মূল্য কত? ৩  
ঘ. মি. রহিম যে বিকল্পটি গ্রহণ করেছে তার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

**প্রশ্ন ৩** জনাব হাসিব মধুমতি ব্যাংকে করা তার সঞ্চয়ী হিসাবে মাসিক ভিত্তিতে ৫০০ টাকা করে ১০ বছর মেয়াদি স্কিমে জমা করার সিদ্ধান্ত নিয়েছেন। মধুমতি ব্যাংক বার্ষিক ১০% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে। জনাব কামরুল তার বাবার কাছ থেকে প্রাপ্ত অর্থ বিনিয়োগ করতে আগ্রহী। মুদি দোকান করলে সেখান থেকে আগামী ৪ বছর যথাক্রমে ৫,০০০, ১০,০০০, ১৫,০০০ ও ২০,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে পোলট্রি ফার্ম করলে আগামী ৪ বছর প্রত্যেক বছরে ১৫,০০০ টাকা করে পাওয়া যাবে। সুযোগ ব্যয় ৮%।

- ক. অর্থের সময় মূল্য কী? ১  
খ. বিধি- ৭২ কখন প্রযোজ্য হবে? বুঝিয়ে লেখো। ২  
গ. মধুমতি ব্যাংকে জনাব হাসিবের ১০ বছর পরের মোট অর্থের পরিমাণ নির্ণয় করো। ৩  
ঘ. জনাব কামরুলের জন্য উত্তম বিনিয়োগ প্রকল্প সুপারিশ করো ৪

**প্রশ্ন ৪** আশরাফ সাহেব একজন সরকারি চাকরীজীবী। তিনি ২০১৭ সালে অবসর গ্রহণ করেন। তিনি আগামী ১০ বছর পেনশন হিসেবে প্রতি বছর ২০,০০০ টাকা করে পাবেন। আর এককালীন হিসেবে নিলে ২,০০,০০০ টাকা পাবেন। আশরাফ সাহেব প্রত্যাশা করছেন আগামীতেও সুদের হার ১০% অপরিবর্তিত থাকবে।

- /সি. বো. ১৭/
- ক. নামিক সুদের হার কী? ১  
খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে অর্থের ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়ে? ব্যাখ্যা করো। ২  
গ. উদ্দীপকে আশরাফ সাহেব আগামী ১০ বছর ২০,০০০ টাকা গ্রহণ করলে তার পেনশনের বর্তমান মূল্য কত হবে? ৩  
ঘ. উদ্দীপকে আশরাফ সাহেবের জন্য কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ১৩** জনাব সালাম জনতা ব্যাংক থেকে বার্ষিক ১২% হার সুদে ৫,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। আগামী ৫ বছর প্রত্যেক বছর শেষে তিনি ঋণের কিস্তি পরিশোধ করবেন।

- /ঘ. বো. ১৭/
- ক. বার্ষিক বৃদ্ধি কী? ১  
খ. ঋণ সূচি বলতে কী বোঝায়? ২  
গ. ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় করো। ৩  
ঘ. প্রত্যেক বছরের শুরুতে কিস্তি প্রদান করলে কিস্তির পরিমাণে কী প্রভাব পড়বে? ৪

**প্রশ্ন ১৫** টুসী একটি ল্যাপটপ ক্রয়ের চিন্তাভাবনা করছেন। ল্যাপটপটি ক্রয় করতে নগদ ৮০,০০০ টাকা প্রয়োজন। টুসী ল্যাপটপ ক্রয়ের জন্য দুটি বিকল্পের কথা ভাবছেন। প্রথম বিকল্প হল সম্পূর্ণ অর্থ নগদে পরিশোধ করে দেওয়া, দ্বিতীয় বিকল্প হল ৬০% নগদে এবং বাকি টাকা বার্ষিক ৪,৬০০ টাকা কিস্তিতে ১০ বছরে পরিশোধ করে দেওয়া। এক্ষেত্রে টুসীর সুযোগ ব্যয় ১২%।

- /ঢা. বো. ১৬/
- ক. কার্যকরী সুদের হার কী? ১  
খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে অর্থের ভবিষ্যৎ মূল্যের ওপর কী প্রভাব পড়ে? ২  
গ. উদ্দীপকে উল্লিখিত টুসী যে বার্ষিক কিস্তি প্রদান করবেন তার বর্তমান মূল্য কত? ৩  
ঘ. টুসীর কোন বিকল্পটি গ্রহণ করা উচিত এবং কেন? ৪

**প্রশ্ন ১৯** দিপূর কাছে ১,০০,০০০ টাকা আছে। তিনি উক্ত অর্থ ১০% সুদের হারে ৫ বছর এর জন্য মিডল্যান্ড ব্যাংকে জমা রাখতে চাচ্ছেন। দিপূর ভাই তাকে মৎস্য চাষ করতে বললেন। যেখান থেকে আগামী ৫ বছর যথাক্রমে ২৫,০০০, ২৮,০০০, ২২,০০০, ২৫,০০০ এবং ৫০,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে তার বন্ধু পোল্ট্রি ফার্ম দিতে বললেন। যেখান থেকে আগামী ৫ বছর প্রতি বছর শেষে ৩০,০০০ টাকা করে পাওয়া যাবে। উভয় ক্ষেত্রে দিপূর প্রত্যাশিত আয়ের হার ১০%।

- /কু. বো. ১৬/
- ক. কার্যকরী সুদের হার কী? ১  
খ. সময়ের পরিবর্তন বর্তমান মূল্যকে কীভাবে প্রভাবিত করে তা ব্যাখ্যা করো। ২  
গ. মিডল্যান্ড ব্যাংকে জমাকৃত অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করো। ৩  
ঘ. দিপূর কোন ব্যবসায়টি নির্বাচন করা উচিত? বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ২৩** রনি তার ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য পদ্মা ব্যাংক হতে ৫ বছর মেয়াদি ২০,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করে। এই ঋণের জন্য তাকে প্রতি বছর ১২% সুদ প্রদান করতে হয়। তিনি ৫ বছর সমান কিস্তিতে এই অর্থ ফেরত প্রদান করতে চাচ্ছেন।

- /রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা/
- ক. অর্থের সময়মূল্য কাকে বলে? ১  
খ. কার্যকরী সুদের হার সম্পর্কে লিখ। ২  
গ. জনাব রনির কিস্তির পরিমাণ নির্ণয় করো। ৩  
ঘ. জনাব রনির একটি ঋণ পরিশোধের সূচি তৈরি করো। ৪

**প্রশ্ন ২৪** মিসেস ফাওয়ীয়া রাশেদী একটি স্বনামধন্য কলেজের পৌরনীতির শিক্ষিকা। তিনি তার মেয়ে সুধার জন্য একটি ফ্ল্যাট ক্রয় করতে চান। ফ্ল্যাটটির মূল্য ১ কোটি টাকা কিন্তু তার কাছে বর্তমানে আছে ৮৪ লক্ষ টাকা। তাই তিনি বাকি ১৬ লক্ষ টাকা ৫ বছর মেয়াদে ১২% সুদ হারে ঋণ গ্রহণ করেন। ব্যাংক কর্মকর্তা তাকে জিজ্ঞাসা করলে তিনি বছরের শেষে কিস্তি প্রদান করবেন বলে জানান। তার স্বামী জানতে পেরে বললেন, বছরের শুরুতে কিস্তি প্রদান করলে তুমি লাভবান হতে।

- /আইডিয়াল স্কুল গ্র্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা/
- ক. চক্রবৃদ্ধি সুদ কাকে বলে? ১  
খ. কখন বর্তমান মূল্য ও ভবিষ্যৎ মূল্য এক হয় ব্যাখ্যা করো। ২  
গ. উদ্দীপকে মিসেস ফওয়ীয়া রাশেদীর ঋণের কিস্তির পরিমাণ নির্ণয় কর। ৩  
ঘ. উদ্দীপকে তার স্বামীর উক্তির যথার্থতা গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪



**প্রশ্ন ▶ ২৫** মিসেস রাফা একজন ক্ষুদ্র ব্যবসায়ী। ব্যবসায় সম্প্রসারণের জন্য টাকা ব্যাংক থেকে ১২% বার্ষিক সুদে ৪,০০,০০০ টাকা ঋণ নিলেন। ঋণের টাকা বার্ষিক কিস্তিতে পরবর্তী ৫ বছর ধরে পরিশোধ করার সিদ্ধান্ত নিলেন। ব্যাংকের ম্যানেজারকে অবহিত করা হলে তিনি বার্ষিক কিস্তিতে ঋণের অর্থ পরিশোধ করার সম্মতি দিলেন। মিসেস রাফা গৃহীত ঋণের বিপরীতে প্রত্যেক বছর কত টাকা ঋণের সুদ প্রদান করবেন ও আসল পরিশোধ করবেন তা জানতে ইচ্ছুক।

*[ভিক্টোরিয়ার নুন স্কুল এন্ড কলেজ, ঢাকা]*

- ক. চক্রবৃদ্ধিকরণ কী? ১  
খ. 'বিধি ৭২' বলতে কী বোঝায়? ২  
গ. উদ্দীপকে উল্লিখিত মিসেস রাফার গৃহীত ঋণের বার্ষিক কিস্তির পরিমাণ নির্ণয় করো। ৩  
ঘ. মিসেস রাফা কোন প্রক্রিয়ার মাধ্যমে গৃহীত ঋণের বার্ষিক সুদের পরিমাণ, আসল পরিশোধ ও বছর শেষে ঋণের পরিমাণ প্রত্যেক বছর জানতে পারবে- গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶ ২৬** জাহিদ একটি গাড়ি ক্রয়ের সিদ্ধান্ত নিয়েছে। গাড়ির মূল্য ২০,০০,০০০ টাকা। তিনি দুটি পরিকল্পনার মধ্যে যেকোনো একটি পরিকল্পনা গ্রহণ করে গাড়িটি ক্রয় করবেন। পরিকল্পনা-১: তাৎক্ষণিক ৫,০০,০০০ টাকা পরিশোধ করে বাকি টাকা ৩৬ মাসের কিস্তিতে (৩ বছর) সে গাড়িটি ক্রয় করতে পারে। সুদের হার ১২%। পরিকল্পনা-২: একটি ব্যাংক থেকে ঋণ গ্রহণ করে গাড়িটি ক্রয় করলে আগামী ৩ বছরে প্রতি মাসে ৭০,০০০ টাকা করে কিস্তিতে পরিশোধ করতে হবে। সুযোগ ব্যয় ১৮%।

*[নটর ডেম কলেজ, ঢাকা]*

- ক. বিধি-৭২ কী? ১  
খ. কার্যকরী সুদের হার বলতে কী বোঝায়? ২  
গ. পরিকল্পনা-১ অনুযায়ী মাসিক কিস্তির পরিমাণ নির্ণয় করো। ৩  
ঘ. জাহিদের কোন পরিকল্পনা অনুযায়ী গাড়িটি ক্রয় করা উচিত? যুক্তি দেখাও। ৪

**প্রশ্ন ▶ ২৭** জনাব জাভেদ ফিন্যান্স বইয়ের একজন লেখক। সে প্রকাশকের নিকট থেকে ৩টি প্রস্তাব পেয়েছে।

প্রস্তাব-১: প্রকাশক তাকে বর্তমানে ৬,০০,০০০ টাকা প্রদান করবে।  
প্রস্তাব-২: প্রকাশক তাকে আগামী ১০ বছর পর্যন্ত প্রতি বছরের শেষে ১,০৫,০০০ টাকা করে প্রদান করবে।  
প্রস্তাব-৩: প্রকাশক তাকে আগামী ১০ বছর পর্যন্ত প্রতি বছরের শুরুতে ১,০০,০০০ টাকা করে প্রদান করবে।  
সুযোগ ব্যয় ১০%।

*[ঢাকা কমার্স কলেজ]*

- ক. ভবিষ্যৎ মূল্য কী? ১  
খ. অর্থের সময় মূল্যের প্রধান কারণ কী বলে তুমি মনে করো। ২  
গ. প্রস্তাব-২ এর বর্তমান মূল্য নির্ণয় করো। ৩  
ঘ. জনাব জাভেদের কোন প্রস্তাবটি গ্রহণ করা উচিত? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶ ৩২** মি. রহমান সাহেব এখন থেকে ঠিক ১০ বছর পর প্রতি বছর ৪,০০০ টাকা করে পেনশন পাবেন। এ পেনশন পরবর্তী ২০ বছর পর্যন্ত চলতে থাকবে এবং সুদের হার ১০%। অন্যদিকে মি. রহমানের বন্ধু জামাল সাহেব সোনালী ব্যাংকে ৮% দ্বি-মাসিক চক্রবৃদ্ধি সুদে টাকা জমা করেন।

*[প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, মুন্সীগঞ্জ]*

- ক. বর্তমান মূল্য কাকে বলে? ১  
খ. ভবিষ্যৎ মূল্য থেকে বর্তমান মূল্য কেন অধিক জনপ্রিয়? ব্যাখ্যা করো। ২  
গ. জামাল সাহেব এর কার্যকরী সুদের হার নির্ণয় করো। ৩  
ঘ. মি. রহমান সাহেবের পেনশনের বর্তমান মূল্য বের করো। ৪

**প্রশ্ন ▶ ৩৫** জিতু ৫০,০০০ টাকা ব্যাংক হতে ঋণ নিয়ে তার সমস্যার সমাধানের চেষ্টা করেন। তিনি এ ঋণের সমুদয় টাকা বার্ষিক কিস্তিতে পরিশোধ করতে চান। একজন ব্যাংক ম্যানেজারের সাথে বিষয়টি আলোচনা করলে তিনি তাকে ১১% সুদের হারে ৩ বছরে পরিশোধ্য ঋণটি দিতে আগ্রহী হন।

*[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর]*

- ক. চিরস্থায়ী বার্ষিক বৃত্তি বলতে কী বোঝায়? ১  
খ. "চক্রবৃদ্ধি সংখ্যার পরিবর্তন অর্থের বর্তমান মূল্যকে প্রভাবিত করে" – ব্যাখ্যা করো। ২  
গ. উদ্দীপকের তথ্যাবলি থেকে জনাব জিতুকে গৃহীত ঋণের বিপরীতে প্রতিবার কত টাকা পরিশোধ করতে হবে তা নির্ণয় করো। ৩  
ঘ. জনাব জিতুকে প্রতিবার ব্যাংকে কী পরিমাণ আসল এবং সুদ পরিশোধ করতে হবে তা ছকে নির্ণয় করে দেখাও। ৪

**প্রশ্ন ▶ ৩৬** জনাব জাবেদ একটি ব্যবসায় আরম্ভ করার জন্য বেশ কিছু টাকার প্রয়োজনীয়তা অনুভব করলে তার বন্ধুর পরামর্শ মোতাবেক দুটি ব্যাংকে ঋণের জন্য চেষ্টা করতে থাকেন। 'ক' ব্যাংক তার নামে ৩,০০,০০০ টাকা ঋণ মঞ্জুরে রাজি হয়েছে কিন্তু তাকে সেই ঋণ ১০% সুদে আগামী ১০ বছরে প্রতি বছরে পরিশোধ করতে হবে। অপর একটি ব্যাংকে 'খ' একই পরিমাণ টাকা দিতে রাজি আছে কিন্তু তারা প্রতি মাসের শুরুতে ৯.৫% সুদে ১০ বছরে সেই টাকা ফেরত নিবে। তিনি শর্তের তারতম্য দেখে সিদ্ধান্তহীনতায় ভুগছেন।

*[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সৈয়দপুর]*

- ক. ফ্যাক্টর রেট কী? ১  
খ. 'সকলেই অর্থের সময়ের অগ্রাধিকার দেয়' – ব্যাখ্যা করো। ২  
গ. উদ্দীপকে জনাব জাবেদকে 'ক' ব্যাংকে মোট কত টাকা পরিশোধ করতে হবে তা নির্ণয় করে দেখাও। ৩  
ঘ. জনাব জাবেদের জন্য কোন ব্যাংক থেকে ঋণ নেওয়া যৌক্তিক হবে বলে তুমি মনে করো? ৪

**প্রশ্ন ▶ ৩৯** জনাব শাহেদ চট্টগ্রাম হাউজিং লি. এ্যাপার্টমেন্ট ক্রয় করতে চান। প্রতিটি এ্যাপার্টমেন্ট ৬০,০০,০০০ টাকা করে নিম্নোক্ত দুটি শর্তে ক্রয় করা যাবে। প্রথম শর্ত: সম্পূর্ণ টাকা নগদে প্রদেয়; দ্বিতীয় শর্ত: ২০% নগদে এখনই পরিশোধ করতে হবে এবং অবশিষ্ট টাকা আগামী ১৫ বছরে ৪.৬০ লক্ষ টাকা করে প্রদেয়। জনাব শাহেদ-এর বিনিয়োগ সুযোগ ব্যয় ১০%। অন্যদিকে জনাব শাহেদ ব্যবসায়ের প্রয়োজনে ৯% সুদের হারে প্রতিমাসে ঋণ পরিশোধ শর্তে ঋণ গ্রহণ করেছেন।

*[ফেনী সরকারি কলেজ]*

- ক. নামিক সুদের হার কী? ১  
খ. সময়ের পরিবর্তন এসকল নগদ প্রবাহের বর্তমান মূল্যের উপর কী প্রভাব ফেলে? ২  
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব শাহেদের ঋণের কার্যকরী ব্যয় নির্ণয় করো। ৩  
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব শাহেদ কোন শর্ত অনুযায়ী এ্যাপার্টমেন্ট ক্রয় করা উচিত? ৪

**প্রশ্ন ▶ ৪০** শহিদ সাহেব ওয়ালটন কোং লি. থেকে বাকিতে একটি মোটর সাইকেল কিনলেন। আগামী ৩ বছরে তিনি প্রতি মাসে কিস্তি দিয়ে এ টাকা পরিশোধ করতে চান। হিসাব নিকাশ করে ওয়ালটন তাকে প্রতিমাসে ৩,৯১৩ টাকা কিস্তি পরিশোধ করতে বললেন ওয়ালটনের প্রত্যাশিত আয়ের হার ১৩%।

*[নোয়াখালী সরকারি মহিলা কলেজ]*

- ক. পারপেচুইটি কি? ১  
খ. কার্যকরী সুদের হার বলতে কী বোঝায়? ২  
গ. মোটর সাইকেলটির মূল্য নির্ণয় করো। ৩  
ঘ. মাসের শুরুতে শহিদ সাহেব কিস্তি দিলে মোটর সাইকেলটির দাম কত পরবে? ৪



**প্রশ্ন ▶ ৪২** বাদল একটি কম্পিউটার ক্রয়ের কথা ভাবছেন। কম্পিউটারটি ক্রয় করতে নগদ ৫০,০০০ টাকা প্রয়োজন। বাদল কম্পিউটার ক্রয়ের জন্য দুটি বিকল্পের কথা ভাবছেন। প্রথম বিকল্প হলো সম্পূর্ণ অর্থ নগদে পরিশোধ করে দেওয়া, দ্বিতীয় বিকল্প হলো ৬০% নগদে এবং বাকি টাকা বার্ষিক ৩,৫০০ টাকা কিস্তিতে ১০ বছরে পরিশোধ করে দেওয়া। এক্ষেত্রে শিমুলের সুযোগ ব্যয় ১১.৫০%।

(মেরিন একাডেমী কলেজ, চট্টগ্রাম)

- ক. কার্যকারী সুদের হার কী? ১  
খ. চক্রবৃদ্ধির সংখ্যা বৃদ্ধি পেলে কার্যকারী সুদের হারের ওপর কী প্রভাব পড়ে? ব্যাখ্যা করো। ২  
গ. উদ্দীপকে উল্লিখিত বাদলের দ্বিতীয় বিকল্পের বর্তমান মূল্য নির্ণয় করো। ৩  
ঘ. শিমুলের কোন বিকল্পটি গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর?

**প্রশ্ন ▶ ৪৪** জনাব রহমান ৮ বছর পর ২ লক্ষ টাকা পাওয়ার জন্য ব্যাংকে কিছু টাকা রাখতে চান। খোঁজ নিয়ে জানতে পারেন ক ব্যাংক ১৩% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ এবং খ ব্যাংক ১২% হারে মাসিক চক্রবৃদ্ধি সুদ প্রদান করে।

(ডা. আব্দুর রাজ্জাক মিউনিসিপ্যাল কলেজ, যশোর)

- ক. মিশ্র নগদ প্রবাহ কি? ১  
খ. বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে অর্থের সময় মূল্য বিবেচনা করা হয় কেন? ব্যাখ্যা করো। ২  
গ. জনাব রহমানকে বর্তমানে ক ব্যাংকে কত টাকা জমা রাখতে হবে? ৩  
ঘ. জনাব রহমানের কোন ব্যাংকে টাকা জমা রাখা লাভজনক? বর্তমান মূল্য নির্ণয় পূর্বক মতামত দাও। ৪

**প্রশ্ন ▶ ৪৫** মি. রহিম ও করিম দুই বন্ধু। তারা অফিসে যাতায়াত করার জন্য গাড়ি ক্রয় করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করল। মি. রহিম ব্যাংক হতে ১০ বছরে মাসিক কিস্তিতে পরিশোধ শর্তে ১২% সুদে ৫ লক্ষ টাকা ঋণ নিয়ে গাড়ি ক্রয় করল। অপরদিকে মি. করিম শো রুম থেকে গাড়ি ক্রয় করতে গেলে গাড়ি বিক্রয় দ্রুত প্রস্তুত দেন।

প্রস্তাব (i) আগামী (১-৫) বছরে যথাক্রমে ১ লক্ষ, ১.৫ লক্ষ, ১.৫ লক্ষ, ১ লক্ষ ও ৫ লক্ষ টাকা প্রদান করতে হবে।

প্রস্তাব (ii) বর্তমানে ৫ লক্ষ টাকা প্রদান করতে হবে।

(ডা. আব্দুর রাজ্জাক মিউনিসিপ্যাল কলেজ, যশোর)

**প্রশ্ন ▶ ৫৩** জনাব হাসিব জনতা ব্যাংকে করা তার সঞ্চয়ী হিসাবে ত্রৈমাসিক ভিত্তিতে ১,৫০০ টাকা করে ১২ বছর মেয়াদি স্কিম জমা করার সিদ্ধান্ত নিয়েছেন। জনতা ব্যাংক বার্ষিক ১২% হারে চক্রবৃদ্ধি সুদ প্রদান করবে। জনাব কামরুল তার বাবার কাছ থেকে প্রাপ্ত অর্থ বিনিয়োগ করতে আগ্রহী। মুদি দোকান করলে সেখান থেকে আগামী ৪ বছর যথাক্রমে ১৫,০০০, ১০,০০০, ৬,০০০ ও ১৯,০০০ টাকা পাওয়া যাবে। অন্যদিকে পোলট্রি ফার্ম করলে আগামী ৪ বছর প্রত্যেক বছর ১৫,০০০ টাকা পাওয়া যাবে। সুযোগ ব্যয়ের হার ৯%।

(শেরপুর সরকারি কলেজ)

- ক. অর্থের সময় মূল্য কী? ১  
খ. বিধি-৭২ কখন প্রযোজ্য হবে? বুঝিয়ে লেখ। ২  
গ. জনতা ব্যাংকে জনাব হাসিবের ১২ বছর পরে মোট প্রাপ্ত অর্থের পরিমাণ নির্ণয় করো। ৩  
ঘ. জনাব কামরুলের জন্য কোন ব্যবসায় উত্তম বিনিয়োগ বলে তুমি মনে করো। ৪

**প্রশ্ন ▶ ৫৫** তাসফিয়া একজন সাধারণ বিনিয়োগকারী। সে ABC ব্যাংক থেকে ২ বছরের জন্য ১০% সুদে (অর্ধবার্ষিক চক্রবৃদ্ধি) ৮০,০০০ টাকা ঋণ গ্রহণ করে। ঋণের টাকা প্রতি সময়ের শেষে বছরে দুটি সমান কিস্তিতে পরিশোধ করতে হবে। তাসফিয়া উক্ত ঋণের টাকা ১০% অবিরত চক্রবৃদ্ধিতে IFIC ব্যাংকে জমা রাখেন।

(ইসলামিয়া সরকারি কলেজ, সিরাজগঞ্জ)

- ক. চক্রবৃদ্ধি সুদ বলতে কী বোঝ? ১  
খ. বিনিয়োগ সিদ্ধান্ত নিতে অর্থের সময় মূল্য কীভাবে কাজ করে তা বর্ণনা করো। ২  
গ. ABC ব্যাংকের ঋণের ঋণ পরিশোধকরণ সূচি তৈরি করো। ৩  
ঘ. তাসফিয়ার ঋণ নেয়া ও ঋণের টাকা পুনরায় ব্যাংকে জমা রাখা তোমার কাছে যৌক্তিক মনে হয়েছে কী? সিদ্ধান্তের যথার্থতা মূল্যায়ন করো। ৪

**প্রশ্ন ▶ ৫৮** রাফার ছেলের পড়াশুনার জন্য আগামী ৪ বছর প্রত্যেক বছর ৮০,০০০ টাকা প্রয়োজন। একটি বিমা কোম্পানি এই অর্থ প্রদান করতে রাজি হয়েছে। বিমা কোম্পানির সুদের হার ১২%। রাফার ছোট ভাই সাদি ৫ বছর পর ৩৫,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমিয়ে রাখতে চায়। জনতা ব্যাংক সাদিকে বার্ষিক ১৫% হারে সুদ দিতে রাজি আছে। সোনালী ব্যাংক ৯.৫% হারে মাসিক চক্র বৃদ্ধি হারে সুদ প্রদানে রাজি আছে। এ অবস্থায় সাদি কোথায় বিনিয়োগ করবে বুঝতে পারছে না।

(দিনাজপুর সরকারি কলেজ)

- ক. সরল সুদের সূত্রটি লিখ। ১  
খ. বাটার হার হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে বর্তমান মূল্যের ওপর কী প্রভাব পড়বে? ২  
গ. রাফাকে বিমা কোম্পানিতে বর্তমানে কত টাকা জমা রাখতে হবে প্রত্যাশিত নগদ অর্থ পেতে হলে? ৩  
ঘ. সাদি কোন ব্যাংকে টাকা জমা রাখলে বেশি লাভজনক হবে বলে তুমি মনে করো? কেন? ৪

**প্রশ্ন ▶ ৫৯** জনাব সাজিদ রহমান একজন অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা। তিনি অবসরকালীন ২৮ লক্ষ টাকা পান। সাজিদ রহমান ৪০ লক্ষ টাকা ব্যয়ে একটি ফ্ল্যাট ক্রয়ের চিন্তাভাবনা করছেন। এ উদ্দেশ্যে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন জনাব সাজিদ রহমানকে ১২% হার সুদে ১২ লক্ষ টাকা ঋণ প্রদান করেছে। যার জন্য তাকে আগামী ৩০ বছর প্রতি মাসের শুরুতে সমান মাসিক অর্থ পরিশোধ করতে হবে।

(কুমিল্লা পিচ্চাবোর্ড মডেল কলেজ)

- ক. চিরস্থায়ী বৃত্তি কী? ১  
খ. ৭২ বিধিটি ব্যাখ্যা করো। ২  
গ. বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ঋণের জন্য জনাব সাজিদ রহমানকে কত টাকা প্রদান করতে হবে? ৩  
ঘ. যদি ঋণের টাকা মাসিক ভিত্তিতে না দিয়ে ত্রৈমাসিক ভিত্তিতে দিতে হয়, তাহলে জনাব সাজিদ রহমানকে কোন বিকল্পটি গ্রহণ করা উচিত? বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶ ৬১** রাফার ছেলের পড়াশুনার খরচ বাবদ আগামী ৫ বছর প্রত্যেক বছর ১,০০,০০০ টাকা প্রয়োজন। একটি বিমা কোম্পানি এই অর্থ প্রদান করতে রাজি। বিমা কোম্পানির সুদের হার ১২%। রাফার ছোট ভাই সাদি ৫ বছর পর ৪০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা ব্যাংকে জমিয়ে রাখতে চায়। জনতা ব্যাংক সাদিকে বার্ষিক ১০% হার সুদ দিতে রাজি আছে। সোনালী ব্যাংক ৯.৫% হারে মাসিক চক্রবৃদ্ধি হারে সুদ প্রদানে রাজি আছে। এ অবস্থায় সাদি কোথায় বিনিয়োগ করবে বুঝতে পারছে না।

(বান্দরবান সরকারি কলেজ)

- ক. অর্থের সময়মূল্য কাকে বলে? ১  
খ. বার্ষিক বৃত্তি সম্পর্কে লিখ। ২  
গ. রাফাকে বিমা কোম্পানিতে বর্তমানে কত টাকা জমা রাখতে হবে প্রত্যাশিত নগদ অর্থ পেতে হলে? ৩  
ঘ. সাদি কোন ব্যাংকে টাকা জমা রাখলে বেশি লাভজনক হবে বলে তুমি মনে করো? কেন? ৪

**প্রশ্ন ▶ ৬৩** মিসেস জুলি সিটি ব্যাংক থেকে বার্ষিক ১২% হার সুদে ৫,০০,০০০ টাকা ঋণ গ্রহণ করেন। আগামী ৫ বছর প্রত্যেক বছর শেষে ঋণের কিস্তি পরিশোধ করবেন।

(শ্রীমঙ্গল সরকারি কলেজ)

- ক. বার্ষিক বৃত্তি কী? ১  
খ. বিধি-৭২ কী? ব্যাখ্যা করো। ২  
গ. মিসেস জুলির ঋণের কিস্তি বাবদ কত টাকা পরিশোধ করতে হবে? ৩  
ঘ. প্রত্যেক বছরের শুরুতে কিস্তি প্রদান করলে কিস্তির পরিমাণ কি প্রভাব পড়বে? বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶ ৬৪** জনাব আশিক তার কৃষি জমি বিক্রয় করে ২,০০,০০০ টাকা পেলেন। তিনি ৮ বছর পরে একটি CNG অটোরিকশা কিনতে চান। তাই তিনি এখনই ব্যাংকে একটি স্থায়ী হিসাব খুলতে ইচ্ছুক। 'মোহনা ব্যাংক' তাকে ৭% হারে বার্ষিক চক্রবৃদ্ধি সুদ প্রদানের প্রস্তাব দেয়। অপরপক্ষে, 'রূপালী ব্যাংক' ১২% হারে ত্রৈমাসিক চক্রবৃদ্ধিতে সুদ প্রদান করার প্রস্তাব দেয়।

(শ্রীমঙ্গল সরকারি কলেজ)

- ক. বাটাকরণ কী? ১  
খ. কখন নামিক সুদের হার এবং কার্যকারী সুদের হার সমান হয়? ২  
গ. মেয়াদ শেষে রূপালী ব্যাংক থেকে কত টাকা পাওয়া যাবে? ৩  
ঘ. জনাব আশিকের জন্য কোন ব্যাংকে টাকা রাখা লাভজনক হবে? গাণিতিক যুক্তি দেখাও। ৪

<https://24paralekha.com> Md. Mustafizur Rahman